

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.৩৩.০০৯.১৮.১৬৪

তারিখ: ৫ আষাঢ়. ১৪২৬

১৯ জুন ২০১৯

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫৮৫৬/২০১৬ এর আদেশের বিরুদ্ধে আপীল দায়ের প্রসংগে।

সূত্র: জনাব মো: আবুবকর সিদ্দিক, প্রধান শিক্ষক, বারইকান্দি উচ্চ বিদ্যালয়, নকলা, শেরপুর এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: আবুবকর সিদ্দিক, প্রধান শিক্ষক, বারইকান্দি উচ্চ বিদ্যালয়, নকলা, শেরপুর এর নিকট হতে প্রাপ্ত আবেদন এতদসংগে প্রেরণ করা হলো। তিনি মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫৮৫৬/২০১৬ এর আদেশের আলোকে তার বকেয়াসহ বেতন ভাতা প্রদানের জন্য আবেদন করেছেন।

২.০ মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫৮৫৬/২০১৬ এর আদেশ নিম্নরূপ :

In the result the Rule is made absolute. The impugned Memos are declared to have been passed without lawful authority and is of no legal effect. The respondents are hereby directed to release the Monthly Payment Order (MPO) of the petitioner within 1 (one) month on receipt of this order without any fail.

৩.০ এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫৮৫৬/২০১৬ এর আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে আপিল দায়ের করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে



১৯-৬-২০১৯

মোঃ কামরুল হাসান  
উপসচিব

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.৩৩.০০৯.১৮.১৬৪/১(৩)

তারিখ: ৫ আষাঢ়. ১৪২৬

১৯ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) জনাব মো: আবুবকর সিদ্দিক, প্রধান শিক্ষক, বারইকান্দি উচ্চ বিদ্যালয়, নকলা, শেরপুর



১৯-৬-২০১৯

মোঃ কামরুল হাসান  
উপসচিব